মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৯-২০ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পর ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
০১	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	০১	১	০	-	১	-	-	-	-

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০১ *(২০১৯-২০২০ অর্থবছরের এডিপিভুক্ত মোট সমাপ্ত প্রকল্প ০১টির মধ্যে ০১টি পরিদর্শন করা হয়েছে)।

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: (১) ক্রয় কার্যক্রমে দীর্ঘসূত্রীতা; (২) সময়মত প্রকল্পের বিপরীতে অর্থায়ন না পাওয়া; (৩) প্রকল্প গ্রহণের সময় সুদুঢ় প্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যৎ প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। এতে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায় ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
৩.১	প্রকল্পের প্রকিউরমেন্ট কার্যক্রম ইজিপিতে করার বিষয় নিশ্চিত করা ।	৩.১	ভবিষৎতে সংস্থার প্রকল্প সমূহের প্রকিউরমেন্ট প্রক্রিয়া ইজিপিতে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেয়া বাঞ্চনীয়।
৩.২	প্রকল্পে সংগৃহীত যানবাহন ও যন্ত্রপাতি বিদ্যমান সরকারি বিধি বিধান অনুযায়ী পরিবহন পুলে জমা দিতে হবে এবং এ বিষয়ে গৃহীত ব্যবস্থা আইএমইডিকে অবহিত করতে হবে;	৩.২	ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির সাথে সাথে ক্রয়কৃত সকল যানবাহন ও যন্ত্রপাতি পরিবহন পুলে আবশ্যিকভাবে জমা প্রদান করতে হবে।
৩.৩	প্রকল্প সম্পাদনপূর্বক অডিট কাজ দ্রুত সম্পন্ন করা;	৩.৩	প্রকল্প সম্পাদনপূর্বক অডিট কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে ব্যবস্থ নিতে হবে ;
৩.৪	কর্মজীবী মহিলা হোস্টেল ও শিশু দিবাযত্ন কেন্দ্র কার্যক্রম নিরবিচ্ছিন্ন ভাবে চলমান রাখা।	৩.৪	কর্মজীবী মহিলা হোস্টেল ও শিশু দিবাযত্ন কেন্দ্র কার্যক্রম নিরবিচ্ছিন্ন ভাবে চলমান রাখার জন্য জনবলের বেতন ভাতাসহ হোস্টেল পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ব্যয় মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্ব বাজেটে অন্তর্ভূক্ত করা প্রয়োজন।
৩.৫	ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন করা		প্রকল্পের কাজ দ্রুত শেষ করার জন্য ঘন ঘন পরিচালক পরিবর্তন না করার বিষয়ে ব্যবস্থ গ্রণহ করতে হবে।

গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় কর্মজীবী মহিলা হোস্টেল নির্মাণ ও শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০২০)

প্রকল্পের নামঃ গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় কর্মজীবী মহিলা হোস্টেল নির্মাণ ও শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প।

১। প্রকল্পের অবস্থান : গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলা।

২। বাস্তবায়নকারী সংস্থা : মহিলা বিষয়ক অধিদপ্তর।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : মহিলা ও শিশু বিষযক মন্ত্রণালয়।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়: জুলাই ২০১৬ হতে জুন ২০২০ এবং ১৯১৫.০২৮ লক্ষ টাকা।

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (জুন,২০১৬ পর্যন্ত)	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১৭২৬.২৯	১৯১৫.০২৮	-	জুলাই ২০১৬-জুন ২০১৯	জুলাই ২০১৬-জুন ২০২০	জুলাই ২০১৬-জুন ২০২০	৯.৮৫%	০১ বছর

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০২০ পর্যন্ত)	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
০১	মূল বেতন (অফিসার)	১	৩.৮৪	১০০%	২.৬২৪	৬৮.৩৩%
০২	মূল বেতন (কর্মচারী)	৫	১১.৮৮	১০০%	৯.৭৪৫	৮২.০২%
০৩	বাড়ী ভাড়া ভাতা	থোক	৬.৬৯৮	১০০%	৬.১২	৯১.৩৭%
০৪	চিকিৎসা ভাতা	থোক	২.৪৯	১০০%	১.৫৮	৬৩.৪৫%
০৫	টিফিন ভাতা	থোক	০.২১	১০০%	০.১৫২৮	৭২.৭৭%
০৬	উৎসব ভাতা	থোক	১.৯৬৫	১০০%	১.৭১	৮৭.০২%
০৭	বাংলা নববর্ষ ভাতা	থোক	০.২৬২	১০০%	০.২৪৩৪	৯২.৯০%
০৮	অন্যান্য ভাতা	থোক	৫.৫২	১০০%	-	-
০৯	আনুষাংগিক কর্মচারী/প্রতিষ্ঠান	১২	৫৮.৭২	১০০%	৪৬.৯৩	৭৯.৯২%
১০	হায়ারিং চার্জ (ফুয়েলসহ)	১ টি	২২.৬০	১০০%	১৮.৬৪	৮২.৪৮%
১১	সভা, সেমিনার	থোক	১৯.০০	১০০%	১০.৭২	৫৬.৪২%

ক্রমিক নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০২০ পর্যন্ত)	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১২	বিদ্যুৎ	থোক	১২.০০	১০০%	৫.১৮	৪৩.১৭%
১৩	পানি	থোক	২.০০	১০০%	-	-
১৪	টেলিফোন	থোক	২.০০	১০০%	০.০৭	৩.৫%
১৫	ব্যবস্থাপনা ব্যয়	থোক	৮.০০	১০০%	৭.৪৩	৯২.৮৮%
১৬	প্রচার ও বিজ্ঞাপন	থোক	১৪.০০	১০০%	৯.২৫৭	৬৬.১২%
১৭	মুদ্রণ ও বাঁধাই	থোক	৮.০০	১০০%	৬.৯৬৫	৮৭.১০%
১৮	খোরাকি রেশন (খাদ্য সরবরাহ)	থোক	৬.৩৪	১০০%	২.০৩৯	৩২.১৬%
১৯	অন্যান্য মনিহারী	থোক	৮.০০	১০০%	৭.৫৫	৯৪.৩৭%
২০	ব্যবহার্য দ্রব্যাদি	থোক	৯.০০	১০০%	৮.৯৯৩	৯৯.৯৩%
২১	পৌরকর	থোক	১৪.০০	১০০%	-	-
	উপমোট (রাজস্ব)	১৯	**২১৬.৫৩**	**১০০%**	**১৪৫.৯৪**	৬৭.৩৯%
(খ) মূলধন:						
২২	আবাসিক ভবন (নির্মাণ)	৭৫৮.৬২ বর্গমিটার	১৬০০.১৭৮	১০০%	১৫৫০.২৫	৯৬.৮৮%
২৩	অফিস সরঞ্জামাদি	১০ টি	১০.২০	১০০%	১০.১৮৩	৯৯.৮৩%
২৪	আসবাবপত্র	৮০৫ টি	৮৮.১২	১০০%	৮৮.০৩৫	৯৯.৯০%
	উপমোট (মূলধন)	-	**১৬৯৮.৪৯৮**	**১০০%**	**১৬৪৮.৪৭**	**৯৭.০৫%**
	(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি	-	-	-	-	-
	(ঘ) প্রাইস কনটিনজেন্সি	-	-	-	-	-
	সর্বমোট (ক+খ+গ+ঘ)	-	**১৯১৫.০২৮**	**১০০%**	**১৭৯৪.৪১**	**৯৩.৭০%**

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ সকল ভৌত কাজ সম্পন্ন হয়েছ।

৭। পটভূমিঃ বাংলাদেশ সরকার জাতীয় অর্থনৈতিক উন্নয়নে নারীর অংশগ্রহন ও সার্বিক ক্ষমতায়ণ নিশ্চিত করতে দৃঢ় পদক্ষেপ গ্রহণ করেছেন। একটি দেশের সুষম ও স্থায়ীত্বশীল আর্থ-সামাজিক অর্থনৈতিক উন্নয়নে নারীর অংশগ্রহণ একান্ত অপরিহার্য। আমাদের দেশের মোট জনসংখ্যার অর্ধেকই নারী। আর এই বিশাল জনগোষ্ঠীকে উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্ত করতে এবং তাদের সম্ভাবনা ও কর্মদক্ষতাকে কর্মমূখী করতে না পারলে দেশে সার্বিক উন্নয়ন কোনো ভাবেই সম্ভব নয়। যার ফলে সরকার গুরুত্বপূর্ণ একটি পদক্ষেপ হিসাবে নারীর জন্য গেজেটেড পদে ১০% এবং ননগেজেটেড পদে ১৫% এবং প্রাথমিক মিক্ষক নিয়োগের ক্ষেত্রে ৬০% কোটা নির্ধারণ করেছেন। বর্তমানে দেশের সামগ্রিক উন্নয়নে নারীর অংশগ্রহন দিন দিন বৃদ্ধি পাচ্ছে। চ্যালেঞ্জিং অনেক কর্মক্ষেত্রে পুরুষের পাশাপাশি যেমন- বিচার বিভাগ, পুলিশ বিভাগ, সেনা, নৌ ও বিমান বাহিনীসহ দেশের গুরুত্বপূর্ণ ক্ষেত্রে নারী সাফল্যের সাথে চাকুরী করে যাচ্ছে। এ ধরনের ইতিবাচক প্রবনতাকে আরও গতিশীল করার জন্য সরকারী

ও বেসরকারী সংস্থাসমূহ জীবিকা নির্বাহকারী বিভিন্ন দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ সহায়তা নিয়ে নারী সমাজের পাশে দাড়িয়েছে। । ফলশ্রুতিতে বহু নারী আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডে নিজেদেরকে সম্পৃক্ত করে আত্মনির্ভরশীল হতে আগ্রহী হয়ে উঠেছে । কিন্তু প্রয়োজনীয় নিরাপদ আবাসন সুবিধা না থাকায় আগ্রহ থাকা সত্ত্বেও বিশাল জনগোষ্ঠি বেকার থেকে যাচ্ছে । এই সমস্যা সমাধানকল্পে স্বল্প শিক্ষিত নারীদের অর্থনৈতিক উন্নয়নের জন্য প্রকল্পটির মাধ্যমে নিরাপদ আবাসন ও শিশু দিবাযত্ন কেন্দ্র সুবিধার ব্যবস্থা করা হয়েছে ।

গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলা দেশের শিল্প এলাকারগুলোর মধ্যে অন্যতম । পার্শবর্তী নরসিংদী জেলার পলাশ উপজেলা একটি শিল্প অধ্যুষিত এলাকা । কিন্তু সেখানে নারীদের জন্য নিরাপদ আবাসন ও শিশু দিবাযত্ন কেন্দ্র সুবিধা নেই। উক্ত এলাকার নারীদের অর্থনৈতিক উন্নয়নের জন্য নিরাপদ আবাসন ও শিশু দিবাযত্ন কেন্দ্র সুবিধার ব্যবস্থা করার লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে ।

৮। উদ্দেশ্যঃ ক) অর্থনৈতিক কর্মকান্ডে নারীদের অধিকহারে নিয়োজিত করার ক্ষেত্রে সহায়তা দানের জন্য স্বল্প খরচে কর্মজীবী নারীদের নিরাপদ আবাসনের ব্যবস্থা করা ।
খ) শিশুদের দিবাকালীন সেবা প্রদান করা ।

৯। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ
প্রকল্প অনুমোদনঃ ১৪/০৬/২০১৬
সর্বশেষ সংশোধনঃ ২৬/০৬/২০১৯
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধিঃ হয়নি

১০। ক্রয় কার্যক্রমঃ

প্যাকেজ	পণ্য	কার্য	সেবা	মোট
ডিপিপি অনুসারে প্যাকেজ সংখ্যা	৮১৫টি	১টি	১টি	৮১৭টি

ক্রমিক নং	ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজ বর্ণনা	একক	পরিমাণ	ক্রয় পদ্ধিতর ধরণ	ক্রয় পদ্ধতি অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	চুক্তিমূল্য (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ		
								দরপত্র	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
১	আসবাবপত্র	সংখ্যা	২০ টি	আরএফকিউ	মহাপরিচালক, মবিঅ	জিওবি	৩.২৮ লক্ষ টাকা	২২/০৫/২০১৭	২৯/৫/২০১৭	১৩/০৬/২০১৭
			৪০০ টি	সরাসরি (বিএফআইডিসি থেকে ক্রয়কৃত)	মহাপরিচালক, মবিঅ	জিওবি	৪৬,৩৮ লক্ষ টাকা	৩১/০১/২০১৯	৭/০৩/২০১৯	২৫/০৩/২০১৯
			২৬১ টি	আরএফকিউ	মহাপরিচালক,মবিঅ	জিওবি	৪,৮১ লক্ষ টাকা	২৮/০৪/২০১৯	১৩/৫/২০১৯	২০/০৫/২০১৯
			০৪ টি	আরএফকিউ	মহাপরিচাল	জিও	১.০০	১৪/০৫/২০	২২/৫/২০১	২৯/০৫/২০

ক্রমিক নং	ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজ বর্ণনা	একক	পরিমাণ	ক্রয় পদ্ধিতর ধরণ	ক্রয় পদ্ধতি অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	চুক্তিমূল্য (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ		
								দরপত্র	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
					ক, মবিঅ	বি	লক্ষ টাকা	১৯	৯	১৯
			১২০ টি	সরাসরি (বিএফআইডিসি থেকে ক্রয়কৃত)	মহাপরিচালক, মবিঅ	জিওবি	২৯.৮০ লক্ষ টাকা	১৫/০৩/২০২০	২২/৩/২০২০	২০/০৪/২০২০
২	অফিস সরঞ্জামাদি	সংখ্যা	০৪ টি	আরএফকিউ	মহাপরিচালক, মবিঅ	জিওবি	৩.৬০ লক্ষ টাকা	**০২/০১/২০১৭**	১৫/০১/২০১৭	২২/০১/২০১৭
			০৬ টি	আরএফকিউ	মহাপরিচালক, মবিঅ	জিওবি	৪.৮২ লক্ষ টাকা	২৫/০২/২০১৯	১৪/০৩/২০১৯	২১/০৩/২০১৯
৩	সরবরাহ সেবা (হোস্টেল ও শিশু দিবাযত্ন কেন্দ্রের ব্যবহার্য্য দ্রব্যাদি)	থোক	৩২৩ টি	আরএফকিউ	মহাপরিচালক, মবিঅ	জিওবি	২.০০ লক্ষ টাকা	২৮/০৪/২০১৯	১৩/০৫/২০১৯	২০/০৫/২০১৯

প্যাকেজ নাম	চুক্তির তারিখ		কাজ সমাপ্তির তারিখ			চুক্তি মূল্য	
	ডিপিপি/আরডিপিপি অনুযায়ী	প্রকৃত চুক্তি	ডিপিপি/আরডিপিপি অনুযায়ী	চুক্তি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি/আরডিপিপি অনুযায়ী	প্রকৃত চুক্তি
Construction of working women hostel and child day-care centre at Kaligong, Gazipur, (	জুলাই ২০১৬	জানুয়ারী ২০১৭	এপ্রিল ২০১৮	জুন ২০১৮	জুন ২০২০	১৬০০.১৭	১৫২৪.৮৫

প্যাকেজ নাম	চুক্তির তারিখ		কাজ সমাপ্তির তারিখ			চুক্তি মূল্য	
	ডিপিপি/আরডিপিপি অনুযায়ী	প্রকৃত চুক্তি	ডিপিপি/আরডিপিপি অনুযায়ী	চুক্তি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি/আর ডিপিপি অনুযায়ী	প্রকৃত চুক্তি
Sub-head: Civil , Sanitary , Electrification Gas Connection & Site Development etc)							
ঠিকাদার প্রতিষ্ঠানের নাম: মেসার্স প্রবাল ইঞ্জিনিয়ার্স							

১১। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি	ব্যয়			অব্যয়িত অর্থ
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
বছর-১ ২০১৬-২০১৭	৪১০.৮০	৪১০.৮০	-	৪১০.৮০	৪১০.৮০	৪১০.৮০	-	-
বছর-২ ২০১৭-২০১৮	৮০৯.০০	৮০৯.০০	-	৮০৯.০০	৮০৯.০০	৮০৯.০০	-	-
বছর-৩ ২০১৮-২০১৯	৫১৫.৪৩	৫১৫.৪৩	-	৫১৫.৪৩	৪৩৯.৯৯	৪৩৯.৯৯	-	৭৫.৪৪
বছর-৪ ২০১৯-২০২০	১৭৯.৭৯৮	১৭৯.৭৯৮	-	১৭৯.৭৯৮	১৩৪.৬২	১৩৪.৬২	-	৪৫.১৭৮
মোট	১৯১৫.০২৮	১৯১৫.০২৮	-	১৯১৫.০২৮	১৭৯৪.৪১	১৭৯৪.৪১	-	১২০.৬১৮

১২। উপকারভোগীদের মতামতঃ কর্মজীবী মহিলা হোস্টেল ও শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপিত হওয়ায় অত্র এলাকার কর্মজীবী নারীরা উপকৃত হচ্ছেন।

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ
ফারহানা আখতার গবেষণা কর্মকর্তা (পরিকল্পনা) মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।	পূর্ণকালীন	-	০১/০১/২০১৮	-

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
• অর্থনৈতিক কর্মকান্ডে নারীদের অধিকহারে নিয়োজিত করার ক্ষেত্রে সহায়তা দানের জন্য স্বল্প ব্যয়ে কর্মজীবী নারীদের নিরাপদ আবাসনের সুবিধা প্রদান করা। • শিশুদের দিবাকালীন সুবিধা প্রদান করা।	**ক.** গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় স্বল্প শিক্ষিত নারীদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক কর্মজীবী মহিলা হোস্টেল ও শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন করা হয়েছে। অত্র প্রতিষ্ঠানটি গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় মনোরম প্রাকৃতিক পরিবেশে ০.৩৩ একর জমির উপর অবস্থিত। ৬ (ছয়) তলা ভিতের উপর ছয় তলা বিশিষ্ট কর্মজীবী মহিলা হোস্টেল ও শিশু দিবাযত্ন কেন্দ্রটি গড়ে তোলা হয়েছে। অর্থনৈতিক কর্মকান্ডে অধিকহারে সম্পৃক্তকরনের জন্য স্বল্প ব্যয়ে **১৩০** জন নারীকে নিরাপদ আবাসন সুবিধা প্রদানের সুযোগ সৃষ্টি হয়েছে। কর্মজীবী মায়েদের শিশুদের নিরাপদ দিবাকালীন সেবা প্রদান করারও সুযোগ সৃষ্টি হয়েছে। কর্মজীবী নারীদের জন্য প্রতিষ্ঠিত এই হোস্টেল ভবনটির চারদিকে সুরক্ষিত প্রাচীর দিয়ে ঘেরা এবং প্রধান ফটকে সার্বক্ষণিক নিরাপত্তার ব্যবস্থা বিদ্যমান রয়েছে।
	খ. প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী সমুদয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। তবে বর্ণিত উদ্দেশ্য এখনো পুরোপুরি অর্জিত হয়নি।কারণ প্রকল্প শেষ হলেও হোস্টেল পরিচালনার জন্য এখনো স্থায়ী নিয়োগ সম্পন্ন হয়নি। প্রজেক্টের পূর্বের কিছু অস্থায়ী ম্যানপাওয়ার নিয়ে স্বল্প পরিসরে কাজ চলছে। ১৩০ জন চাকুরিজীবি মহিলা সংস্থান করার কথা থাকলেও এখনো মাত্র ৩০ জনের মতো অবস্থান করছে। আরো ১০০ জন চাকুরিজীবি মহিলার জন্য সিট খালি আছে। এছাড়া শিশু দিবাযত্ন অবকাঠামো করা হলেও এখনো কার্যক্রম শুরু হয়নি

১৫। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ
প্রকল্পের আউটপুট শতভাগ অর্জিত হয়েছে। কিন্তু কাঙ্খিত উদ্দেশ্য এখনো পুরোপুরি অর্জিত হয়নি।
কারণ প্রকল্প শেষ হলেও হোস্টেল পরিচালনার জন্য এখনো অফিসিয়ালি স্থায়ী নিয়োগ সম্পন্ন হয়নি। প্রজেক্টের পূর্বের কিছু ম্যানপাওয়ার নিয়ে স্বল্প পরিসরে কাজ চলছে। ১৩০ জন চাকুরিজীবি মহিলা সংস্থান করার কথা থাকলেও এখনো মাত্র ৩০ জনের মতো অবস্থান করছে। আরো ১০০ জন মহিলার সিট খালি আছে। এছাড়া শিশু দিবাযত্ন অবকাঠামো করা হলেও এখনো কার্যক্রম শুরু হয়নি।

১৬। অডিট **:**
প্রকিউরমেন্টের ভবন নির্মাণ অংশের প্রকিউরমেন্টের কাজ করেছেন গাজীপুর গণপূর্ত বিভাগ এবং কর্মজীবি মহিলা হোস্টেল ও শিশু দিবাযত্ন কেন্দ্রের জন্য অফিস সরঞ্জমাদি, আসবাবপত্র ক্রয় কার্য সম্পন্ন করেছেন প্রকল্প কর্তৃপক্ষ/সংস্থা। সংস্থার প্রকিউরমেন্ট অংশের সরবরাহকৃত ডকুমেন্ট দৃষ্টে প্রকল্পের অফিস সরঞ্জাম/আসবাবপত্র ক্রয়ে অডিট আপত্তি দেখা যায়নি। তবে প্রকিউরমেন্টের কাজ ইজিপিতে না করে ম্যানুয়েলি করার বিষয়ে সংস্থার জন্য অডিট আপত্তি দেয়া হয়েছে। অন্যদিকে গাজীপুরের গণপূর্ত বিভাগের ক্রয় কার্যক্রমের চূড়ান্ত অডিট রিপোর্ট ও নিষ্পত্তির তথ্য এখনো পাওয়া যায়নি।

১৭। প্রকল্প বাস্তবায়ন সমস্যা: কোন উল্লেখযোগ্য বাস্তবায়ন সমস্যা ছিলনা।

১৮। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run): প্রকল্পের মূল মেয়াদ ছিল জুলাই ২০১৬ থেকে জুন ২০১৯ পর্যন্ত। কিন্তু সংশোধিত ডিপিপিতে সময় বৃদ্ধি করে জুন ২০০০ সালে প্রকল্প সমাপ্ত হয়।

১৯। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন (If any): ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়নি। একজন প্রকল্প পরিচালক নিয়োজিত ছিল।

২০। চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণ: চুক্তি বাস্তবায়নে বিলম্ব হয়নি।

২১। সার্বিক পর্যবেক্ষণঃ

২১.১ গত ১৩/১১/২১ তারিখ এই সমাপ্ত প্রকল্প পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ফারহানা আখতার , হোস্টেল এর ভারপ্রাপ্ত সুপার ও অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

২১.২ জিওবি ফান্ড থেকে প্রকল্প বাস্তবায়ন করা হয়। মূল ডিপিপি ব্যয় ছিল ১৭২৬.২৯ লক্ষ টাকা। RDPP ব্যয় হয়েছে ১৯১৫.০২৮ টাকা। তবে প্রকৃত ব্যয় হয়েছে ১৭৯৪.৪১ লক্ষ টাকা। অব্যয়িত/সাশ্রয় হয়েছে- ১২০.৬০ লক্ষ টাকা।

২১.৩ এ প্রকল্পের আওতায় ১৩০ জন চাকুরিজীবি মহিলা নিরাপদ আবাসিক সুবিধা ও ২০ জন শিশুর দিবা কালীন সেবা প্রদানের সংস্থান রয়েছে। কিন্তু এখনো কোন শিশু ভর্তি বা শিশুর দিবা কালীন সেবা চালু হয়নি। পরিকল্পনাকালীন সময়ে মাত্র ৩০ জনের আবাসিক অবস্থান পাওয়া যায় এবং শিশু দিবা যত্ন আরম্ভ হয়নি।

২১.৪ গাজীপুরের কালীগঞ্জে ০.৩৩ একর জমির উপর ০৬ তলা বিশিষ্ট হোস্টেলটি স্থাপন করা হয়েছে। উপস্থাপিত ড্রয়িং/ডিজাইন অনুযায়ী সঠিক আছে দেখা যায়।

২১.৫ নারী উন্নয়ন নীতি -২০১১ এর আওতায় প্রকল্পটি সরকারের দারিদ্র বিমোচন, নারী উন্নয়নে ভূমিকা রাখবে। স্বল্প খরচে কর্মজীবি নারীদের নিরাপদ আবাসনের এর সুবিধা প্রদান করবে। প্রকল্পের আওতায় ১৩০ জন নারীর আবাসন সুবিধা সহ অর্থনৈতিক কর্মকান্ডে অংশ গ্রহণ ও ২০ জন শিশুর দিবাযত্ন সুবিধা প্রদান করা । কিন্তু এই সুবিধা এখনো পুরোপুরি নিশ্চিত হয়নি।

২১.৬ প্রকল্পের প্রকিউরমেন্ট কার্যক্রম ইজিপিতে না করে ম্যানুয়ালি সম্পাদন করা হয়েছে।

২১.৭ আসবাবাপত্র ও মালামাল ক্রয়ের তালিকা দেখে রেন্ডম ভিত্তিতে কিছু নিরীক্ষা করে পাওয়া যায়। তবে সম্পদ রেজি:

পাওয়া যায়নি।

২১.৮ প্রকল্পের আওতায় - প্রকল্পের মেয়াদকালের জন্য ২০১৮ সালে ১৮ জন নিয়োগ দেয়া হয়। প্রকল্পের শেষে এখনও বিধি মোতাবেক স্থায়ী লোকবল নিয়োগ হয়নি। প্রকল্প থেকে অস্থায়ী নিয়োগকৃত হোস্টেল সুপার ও অন্যান্যরা এখনো বিনা বেতনে কাজ করছেন। দেড় বছর ধরে তারা বেতন পাচ্ছেন না জানা যায়।

২১.৯ গত জুন ২০২০ সালে প্রায় ৫ লক্ষাধিক টাকা বিদ্যুৎ বিল বকেয়া আছে। এগুলো বাণিজ্যিক বিল হিসেবে দেয়া হয়েছে।

-লোকবল না থাকায় Electricity Maintanance এর লোক নেই। বৈদুত্যিক সাবস্টেশন স্থাপন করা হয়েছে। কিন্তু তেলের টাকার সংস্থান নাই, ইলেকট্রিকাল/টেকনিক্যাল লোক নিয়োগ দেয়া হয়নি। RDPP'র তুলনায় ব্যায়িত/সাশ্রয় হয়েছে ১২০.৬০ লক্ষ।

- Lift স্থাপন করা হয়েছে , কিন্তু servicing এর লোক ও ফান্ড নেই।

- পানির পাম্প ক্রয় করা হয়েছে, স্থাপন করা হয়েছে। কিন্তু অপারেটর নেই।

২১.১০ ডিপিপি পর্যালোচনা - মূল DPP অনুযায়ী জুলাই ২০১৬ থেকে জুন ২০১৯ পর্যন্ত মেয়াদ ছিল। কিন্তু প্রকল্প Revise করে ব্যয় ও মেয়াদ বৃদ্ধি করে জুন ২০২০ পর্যন্ত সময়ে অর্থ্যাৎ ৪ বছরে এই প্রকল্প বাস্তবায়ন করা হয়। মূল DPP ও RDPP পার্থক্য ১৮৮.৭৩ লক্ষ টাকা । তবে মূল DPP থেকে প্রকৃত ব্যয় ৬৮.১২ লক্ষ টাকা বেশি ব্যয় হয়েছে। পর্যালোচনায় দেখা যায় - পূর্ত কাজে চুক্তি মূল্য - ১৫২৪.৮৫ কিন্তু এখানে প্রকৃত খরচ দেখানো হয়েছে ১৫৫০.২৫ অর্থাৎ ২৫.৪০ লক্ষ অতিরিক্ত খরচ হয়েছে। পিসিআরে কোন ব্যাখ্যা পাওয়া যায়নি। এ বিষয়ে অতিরিক্ত ব্যায়ের কারণ ও অনুমোদন প্রক্রিয়ার তথ্য ও প্রমাণক দরকার।

২১.১১ প্রকল্পে কোন বৈদেশিক /লোকাল ট্রেনিং জড়িত ছিলনা।

২১.১২ ভবন পরিদর্শনের সময় অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র, শিশু দিবাযত্ন কেন্দ্রের বিবিধ আইটেমসহ বিবিধ ক্রয়কৃত মালামালের হিসাব রেজিস্টার দেখা যায়নি।

২১.১৩ সাসটেইনেবিলিটি ইস্যু : স্থায়ী জনবল নিয়োগের ব্যবস্থা নিতে হবে। প্রয়োজনীয় সংখ্যক হোস্টেল বর্ডার নিশ্চিত ও হোস্টেল পরিচালনার নীতিমালা প্রয়োজন। মেন্টেইনেন্স নিশ্চিত করতে হবে। এসবের এখনো ঘাটতি আছে।

২১.১৪ পরিবেশের উপর প্রভাব: প্রকল্প বাস্তবায়নের ফলে পরিবেশের উপর কোন বিরূপ প্রভাব পরিলক্ষিত হয়নি। তবে হোস্টেল ও শিশু দিবাযত্ন কেন্দ্রের সক্ষমতা অনুযায়ী পুরোপুরি কার্যক্রম শুরু করলে মানব সৃষ্ট কোনো বর্জ্য যাতে পার্শ্ববর্তী নদীতে না যায় বা ফেলা না হয় তা নিশ্চিত করতে হবে।

২২। **প্রকল্প পরিদর্শনের কিছু আলোকচিত্র:**



নির্মিত প্রীতিলতা কর্মজীবি মহিলা হোস্টেল দিবাযত্ন কেন্দ্র



শিশু দিবাযত্ন কেন্দ্রের একাংশ



হোস্টেলের অস্থায়ী স্টাফদের সাথে মতবিনিময়



হোস্টেলের মিটিং রুমে

২৩। সুপারিশ/মতামত:

২৩.১ মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় কর্মজীবী মহিলা হোস্টেল নির্মাণ ও শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পটির ভৌত কাজ ডিপিপি সংস্থান অনুযায়ী বাস্তবায়ন ও সমাপ্ত হয়েছে। তবে ডিপিপি সংস্থান অনুযায়ী হোস্টেলের কর্মজীবি মহিলাদের সিটসমূহ বরাদ্দ/আবাসন সম্পন্ন না হওয়ায় এবং শিশু দিবাযত্ন সেবা কার্যক্রম শুরু না করায় উদ্দেশ্য এখনো পুরোপুরি অর্জিত হয়নি। উদ্দেশ্য অর্জনে কর্তৃপক্ষের প্রয়োজনীয় উদ্যোগ নেয়া দরকার।

২৩.২ নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন এবং মূল স্রোতধারায় নারীকে সম্পৃক্তকরণের জন্য প্রকল্পের আওতায় গণপূর্ত বিভাগ, গাজীপুর কর্তৃক ৬ (ছয়) তলা হোস্টেল ভবন ও শিশু দিবাযত্ন কেন্দ্র নির্মাণ করা হয়েছে।

২৩.৩ প্রকল্পটি জুন ২০২০ এ সমাপ্ত হয়েছে। তৎসময় হতে অদ্যাবধি প্রকল্পের ১৭ জন জনবল বিনা বেতনে কর্মরত রয়েছে মর্মে পরিদর্শনকালীন সময়ে জানা যায়। জনবলের বেতন ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

২৩.৪ কর্মজীবী মহিলা হোস্টেল ও শিশু দিবাযত্ন কেন্দ্র কার্যক্রম নিরবিচ্ছিন্ন ভাবে চলমান রাখার জন্য জনবলের বেতন ভাতাসহ হোস্টেল পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ব্যয় মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্ব বাজেটে অন্তর্ভূক্ত করা প্রয়োজন

২৩.৫ অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র, শিশু দিবাযত্ন কেন্দ্রের বিবিধ আইটেমসহ বিবিধ ক্রয়কৃত মালামালের হিসাব রেজিস্টার দেখা যায়নি। এ সকল ক্রয়কৃত সকল সম্পদ/মালামাল ইনভেন্টরি করে রেজিস্টারে লিপিবদ্ধ পূর্বক সংরক্ষণ করতে হবে। পর্যালোচনায় দেখা যায় - পূর্ত কাজে চুক্তি মূল্য- ১৫২৪.৮৫ লক্ষ কিন্তু পিসিআরে প্রকৃত খরচ দেখানো হয়েছে ১৫৫০.২৫ লক্ষ অর্থাৎ চুক্তি মূল্য থেকে ২৫.৪০ লক্ষ টাকা অতিরিক্ত খরচ হয়েছে। পিসিআরে কোন ব্যাখ্যা পাওয়া যায়নি। এ বিষয়ে অতিরিক্ত ব্যায়ের কারণ ও অনুমোদন প্রক্রিয়ার তথ্য ও প্রমাণক দরকার।

২৩.৬ প্রকল্পের প্রকিউরমেন্ট ইজিপিতে না করে ম্যানুয়ালি করা হয়েছে। এ বিষয়ে সংস্থার ব্যাখ্যা প্রয়োজন। ভবিষৎতে সংস্থার প্রকল্প সমূহের প্রকিউরমেন্ট প্রক্রিয়া ইজিপিতে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেয়া বাঞ্চনীয়।

২৩.৭ প্রকল্প Sustainable করার জন্য স্থায়ী জনবল নিয়োগ, মেনটেইনেন্স নিশ্চিত করা ও হোস্টেল পরিচালনার নীতিমালা প্রণয়ন আবশ্যক।

২৩.৮ অব্যয়িত অর্থ ফেরতের এবং গণপূর্ত বিভাগ, গাজীপুর কর্তৃক বাস্তবায়িত পূর্ত অংশের অডিট আপত্তি নিষ্পত্তির তথ্য প্রমাণকসহ IMED তে প্রেরণ করতে হবে।

২৩.৯ শিশু দিবাযত্ন কেন্দ্র অবকাঠামো করা হলেও এখনও বাস্তবে Service শুরু করা যায়নি। প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়নে ভবনের মধ্যে স্থাপিত শিশু দিবাযত্ন কেন্দ্রে - দিবা সেবার বাস্তব কাজ দ্রুত আরম্ভ করা প্রয়োজন।

২৩.১০ হোস্টেল DPP/RDPP লক্ষ্য অনুযায়ী ১৩০ জন কর্মজীবি মহিলার জন্য সুযোগ সুবিধা সৃষ্টি করা হলেও এখন মাত্র ৩০ জনের মতো কর্মজীবি মহিলাকে সিট বরাদ্দ Service দেয়া হচ্ছে- কিন্তু অবশিষ্ট ১০০ টি সিট বরাদ্দের জন্য প্রচার প্রচারনা/ বিজ্ঞপ্তির মাধ্যমে বা স্থানীয় প্রশাসনের সহযোগীতায় প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া বাঞ্চনীয়।

২৩.১১ প্রকল্প বাস্তবায়নের ফলে পরিবেশের উপর কোন বিরূপ প্রভাব পরিলক্ষিত হয়নি। তবে হোস্টেল ও শিশু দিবাযত্ন কেন্দ্র সক্ষমতা অনুযায়ী পুরোপুরি কার্যক্রম শুরু করলে মানব সৃষ্ট কোনো বর্জ্য যাতে পার্শ্ববর্তী নদীতে না যায় বা ফেলা না হয় সেটা নিশ্চিত করতে হবে।

২৩.১২ ২৩.১ থেকে ২৩.১১ অনুচ্ছেদের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ পূর্বক ৬০ দিনের মধ্যে আইএমই বিভাগ কে অবহিত করতে হবে।